**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/12/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে 24 ঘন্টায় 130,000 COVID-19 টিকার ডোজ প্রদান করা হয়েছে

***24 ঘন্টার মধ্যে COVID-19 টিকার 132,057টি প্রথম এবং দ্বিতীয় ডোজ দেওয়া হয়; 2 মিলিয়ন ডোজ আজ পর্যন্ত দেওয়া হয়েছে***

***আজ সকাল 11টা পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণের সাইটগুলি ফেডারেল সরকারের থেকে প্রাপ্ত মোট ডোজের 90% প্রদান করেছে***

***রাজ্যের টিকা প্রোগ্রাম সম্পর্কে আপডেট প্রদান করতে টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে ; ny.gov/vaccinetracker যান; ড্যাশবোর্ডে এখন জনসংখ্যাতাত্ত্বিক ডেটা অন্তর্ভুক্ত***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে গত 24 ঘন্টায় COVID-19 টিকার 132,057টি প্রথম এবং দ্বিতীয় ডোজ দেওয়া হয়েছে। রাষ্ট্রের টিকাকরণ কর্মসূচিতে নিউ ইয়র্কবাসীরা। আজ সকাল 11টা পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি 2,065,595টি প্রথম ডোজ পেয়েছে এবং ইতিমধ্যেই 90 শতাংশ বা 1,860,196টি টিকার প্রথম ডোজ প্রদান করেছে এবং প্রথম ও দ্বিতীয় ডোজের 82 শতাংশ প্রদান করেছে। ফেডারেল সরকার থেকে সপ্তাহ 9 এর বরাদ্দ টিকাদানের জন্য সরবরাহকারীদের কাছে পৌঁছে দেওয়ার প্রক্রিয়া চলছে।

"COVID কে চিরতরে পরাজিত করা নিউ ইয়র্কবাসীদের যত দ্রুত এবং ন্যায্যনভাবে সম্ভব টিকা দেওয়া এবং সংক্রমণ এবং হাসপাতালে ভর্তির হার কমানোর জন্য আমদের যথাসাধ্য চেষ্টার মধ্যে ফুটরেস জেতার মধ্যে নেমে আসে," **গভর্নর কুওমো বলেন।** "এই হারের ক্রমাগত পতন অব্যাহত রয়েছে এবং এটা নিউ ইয়র্কবাসীদের স্মার্ট এবং দায়িত্বশীল আচরণের সরাসরি ফলাফল। আমাদের অবশ্যই সেই গতি বজায় রাখতে হবে এবং আমরা যা করতে পারি তা করতে হবে, আমরা যথাসাধ্য চেষ্টা চালিয়ে যাব যত দ্রুত সম্ভব, দক্ষতার সাথে এবং ন্যায্যভাবে হাতে টিকা দেওয়ার- আমাদের শুধু আরো সরবরাহ প্রয়োজন এবং এখন যেহেতু ওয়াশিংটনে আমাদের উপযুক্ত নেতৃত্ব আছে, আমরা এখন তা ঘটা দেখতে শুরু করছি।"

বর্তমানে আনুমানিক 7 মিলিয়ন নিউ ইয়র্কবাসী টিকা পাওয়ার যোগ্য। ফেডারেল সরকার পরের তিন সপ্তাহ ধরে সাপ্তাহিক সরবরাহ 20 শতাংশের বেশি বৃদ্ধি করেছে, কিন্তু নিউ ইয়র্কের বিশাল

বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা এখনও ফেডারেল সরকার থেকে আসা সরবরাহের থেকে অনেক বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোন অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাকরণ সাইটে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

নিচের টিকাকরণ কর্মসূচীর সংখ্যাগুলি রাজ্যের টিকা কর্মসূচীর জন্য নিউ ইয়র্কে বন্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা, এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচীর জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক রাজ্যে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে তথ্যগুলির বিশদ বিবরণ নিম্নরূপ: নিচে বরাদ্দের মোট সংখ্যা সপ্তাহ 9 এর বরাদ্দের 60 শতাংশকে অন্তর্ভুক্ত করে, যা রবিবার নিউ ইয়র্ক সরবরাহকারীর সাইটে বিতরণ করা শেষ হবে। সপ্তাহ 9 এর মোট বরাদ্দে কিছু অতিরিক্ত টিকা ডোজ অন্তর্ভুক্ত যা ফেডারেল দীর্ঘমেয়াদী যত্ন সুবিধা (Long Term Care Facility) প্রোগ্রাম থেকে পুনর্বাসন করা হয়েছে।

**স্টেটব্যাপী বিশদ তথ্য**

প্রাপ্ত প্রথম ডোজ - 2,065,595
প্রদান করা প্রথম ডোজ - 1,860,196; 90%
প্রাপ্ত দ্বিতীয় ডোজ - 1,080,550
প্রদান করা দ্বিতীয় ডোজ - 719,133

| অঞ্চল | প্রাপ্ত মোট ডোজ (1ম ও 2য়) | প্রদান করা মোট ডোজ (1ম ও 2য়) | মোট ডোজের % যা প্রদান করা/প্রাপ্ত হয়েছে (1ম ও 2য়) |
|---|---|---|---|
| Capital Region | 199,740 | 160,075 | 80% |
| Central New York | 163,200 | 135,365 | 83% |
| Finger Lakes | 190,735 | 163,025 | 85% |
| Long Island | 389,005 | 335,347 | 86% |
| Mid-Hudson | 295,575 | 235,763 | 80% |
| Mohawk Valley | 87,805 | 66,113 | 75% |
| New York City | 1,423,195 | 1,122,617 | 79% |
| North Country | 95,040 | 89,067 | 94% |

| | | | |
|---|---|---|---|
| Southern Tier | 96,010 | 88,162 | 92% |
| Western New York | 205,840 | 183,795 | 89% |
| স্টেটজুড়ে/সমগ্র স্টেটে | 3,146,145 | 2,579,329 | 82% |

| | স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে 1ম ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে | নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণ সাইটগুলিতে 2য় ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে | মোট | ক্রমবর্ধমান |
|---|---|---|---|---|
| **সপ্তাহ 1: ডোজ আসছে 12/14 – 12/20** | 90,675 | 0 | 90,675 | প্রযোজ্য নয় |
| **সপ্তাহ 2: ডোজ আসছে 12/21 – 12/27** | 392,025 | 0 | 392,025 | 482,700 |
| **সপ্তাহ 3: ডোজ আসছে 12/28 – 01/03** | 201,500 | 0 | 201,500 | 684,200 |
| **সপ্তাহ 4: ডোজ আসছে 01/04 – 01/10** | 160,050 | 90,675 | 250,725 | 934,925 |
| **সপ্তাহ 5: ডোজ আসছে** | 209,400 | 45,825 | 255,225 | 1,190,150 |

| | | | | |
|---|---|---|---|---|
| 01/11 – 01/17 | | | | |
| **সপ্তাহ 6: ডোজ আসছে 01/18– 01/24** | 250,400 | 428,100 | 678,500 | 1,868,650 |
| **সপ্তাহ 7: ডোজ আসছে 01/25 – 01/31** | 250,400 | 160,450 | 410,850 | 2,279,500 |
| **সপ্তাহ 8: ডোজ আসছে 02/01 – 02/07** | 320,525 | 208,800 | 529,325 | 2,808,825 |
| **সপ্তাহ 9: ডোজ আসছে 02/8 – 02/14*** | 190,620 | 146,700 | 337,320 | 3,146,145 |

**এই সংখ্যা 9 সপ্তাহের বরাদ্দের 60 শতাংশ প্রতিনিধিত্ব করে। 14 ফেব্রুয়ারি, রবিবার দিনের শেষে পুরো সপ্তাহ 9 এর বরাদ্দ এসে পৌঁছবে বলে আশা করা হচ্ছে।*

আজ পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি ফেডারেল সরকারের কাছ থেকে পাওয়া প্রথম ডোজের 90 শতাংশ প্রদান করেছে কিন্তু ফেডারেল সরকারের সীমিত বরাদ্দের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়েছে। নিউ ইয়র্কবাসীরা যোগ্যতা নির্ধারণ করতে এবং একটি স্টেট পরিচালিত গণ টিকাদান সাইটে একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করতে, 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটে যান। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য অনুগ্রহ করে আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করুন যেখানে টিকা উপলভ্য আছে।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলব্ধ। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাদান ফ্যাসিলিটিগুলির জন্য;

স্টেটের টিকাদান প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে নিউ ইয়র্কবাসীরা টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেইল করতে পারেন। হটলাইন কর্মীরা যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের যাতে ঠকানো না হয় তা নিশ্চিত করা যায় যখন স্টেট সম্পূর্ণ যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন